



জাতীয় মানবাধিকার কমিশন

(জাতীয় মানবাধিকার কমিশন আইন ২০০৯ দ্বারা গঠিত সংবিধিবদ্ধ স্বাধীন প্রতিষ্ঠান)
গুলফেশাঁ প্লাজা, ৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভিন সড়ক, মগবাজার ঢাকা-১২১৭
চেয়ারম্যান # ৯৩৩৫৫১৩, সার্বক্ষণিক সদস্য # ৯৩৩৬৩৬৯, সচিব # ৯৩৩৬৮৬৩
ফ্যাক্স # ৮৩৩৩২১৯, ই-মেইল: nhrc.bd@gmail.com

স্মারক নং:

১২ জানুয়ারি, ২০১৪

বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমানের মৃত্যুতে জাতীয় মানবাধিকার কমিশনের গভীর শোক প্রকাশ

সাবেক প্রধান বিচারপতি ও তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ হাবিবুর রহমানের আকস্মিক মৃত্যুতে জাতীয় মানবাধিকার কমিশন গভীর শোক প্রকাশ করছে। তাঁর মৃত্যুতে দেশ একজন বিরল ব্যক্তিত্বকে হারালো। তাঁর ব্যক্তিত্বে বহুমাত্রিক গুণের সমন্বয় ঘটেছিল। তিনি ছিলেন একাধারে বিচারপতি, গবেষক, কবি, ইতিহাসবিদ, ভাষাবিদ ও শিক্ষক। তাঁর জ্ঞানগভীর ও সুচিন্তিত বক্তৃতা ও লেখা সকলকে অনুপ্রাণিত ও আলোকিত করেছে।

বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমানের মৃত্যুতে দেশ একজন অভিভাবককে হারালো। জাতীর বিভিন্ন সংকটে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। দেশের চলমান সংকটে নিয়েও তিনি ছিলেন উৎকর্ষিত। ২৭ ডিসেম্বর ২০১৩ জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক আয়োজিত জাতীয় কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি বলেছিলেন, “বেঁচে থাকার অধিকার হলো সবচেয়ে গুরুত্বপূর্ণ অধিকার”। জাতীয় সংকটে তিনি সকলের উৎকর্ষ বা উদ্বোধন প্রকাশ করতে পারতেন। এজন্য তিনি হয়ে উঠেছিলেন জাতীর বিবেক। দেশের বর্তমান পরিস্থিতিতে তাঁর নেতৃত্ব ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমৃত্যু তিনি অসাম্প্রদায়িক বাংলাদেশ ও গণতন্ত্রের জন্য অনুরাগ প্রকাশ করেছেন।

জাতীয় মানবাধিকার কমিশন, দেশের মানবাধিকার প্রতিষ্ঠার আন্দোলনে একজন অভিভাবককে হারালো। এ ক্ষতি অপূরণীয়। কমিশন বিশ্বাস করে, তাঁর সৃষ্টি কর্ম হবে আমাদের আগামী পথচালার প্রেরণা।

জাতীয় মানবাধিকার কমিশন মরহুমের আত্মার মাগফেরাত কামনা করছে ও শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানাচ্ছে।

মোঃ তাজুল ইসলাম চৌধুরী

সচিব

জাতীয় মানবাধিকার কমিশন